

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd


স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৪৪.০৪৩.১৩-৬৫১,

তারিখ : ১২/০৬/২০১৭ খ্রি:

বিষয়ঃ টিএমএসএস কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমে সহযোগিতা প্রদান।

সূত্র : টিএমএসএস এর ২৭ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের স্মারক নং-টিএমএসএস/ইএস-এফ/২০১৭-২৬৮,

উল্লিখিত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টিএমএসএস কর্তৃক রংপুর বিভাগের ০৮টি জেলা, বরিশাল বিভাগের ০৬টি জেলা এবং ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, জামালপুর ও শেরপুর জেলাসহ মোট ১৭টি জেলায় ন্যাশনাল হাউজহোল্ড প্রকল্পের প্রস্তুতিমূলক ডাটা কালেকশন প্রশিক্ষণ পরিচালনার জন্য (১৯ মার্চ হতে ২১ মার্চ, ২০১৭) বর্ণিত জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে ৪৫ জনের বসার ব্যবস্থাসহ সকল লজিস্টিক সাপোর্ট প্রদানের অনুরোধ জানানো হয়েছে। বাস্তব অবস্থা হচ্ছে যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় সরকারের সাথে সাধিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য অর্জনের জন্য সবগুলো প্রশিক্ষণ কেন্দ্রে পূর্ণ ধারন ক্ষমতায় প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তথাপিও যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রমে ব্যঘাত না ঘটিয়ে সরকারী কার্যদিবসে ৯ টা হতে ৫ টার পরে অথবা ছুটির দিনে প্রস্তাবিত প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে, তবে যাবতীয় প্রশিক্ষণ উপকরণ প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহের সুযোগ রাখতে হবে।


(খন্দকার মোঃ রশিদুল ইসলাম)
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

প্রাপক

নির্বাহী পরিচালক
টিএমএসএস
৬৩১/৫ কাজী পাড়া,
মিরপুর-১০, ঢাকা।

অনুলিপি বিতরণ :

- ০১। পরিচালক(প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর------(১৭টি) জেলা।
- ০৩। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র------(সংশ্লিষ্ট) জেলা।
- ০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৬। অফিস কপি।

জেলার তালিকাঃ

নং	বিভাগের নাম	জেলার নাম	জেলার সংখ্যা
০১	রংপুর	রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়	০৮টি
০২	বরিশাল	বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, ঝালকাঠী ও পিরোজপুর	০৬টি
০৩	ময়মনসিংহ	ময়মনসিংহ, জামালপুর ও শেরপুর	০৩টি